দৈনিক ইত্তেফাক

তারিখ ..17 AUG 2017...
পৃষ্ঠা ... কলাম ...

# কুমারখালীর ৬টি প্রাথমিক বিদ্যালয়ে সিসি ক্যামেরাসহ ই-মনিটরিং কার্যক্রম উদ্বোধন

■ কুষ্টিয়া প্রতিনিধি

প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও স্মার্ট ফোনের মাধ্যমে বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম পর্যবেক্ষণের জন্য কুষ্টিয়ার কুমারখালী উপজেলার ৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সিসি ক্যামেরা স্থাপনসহ ই-মনিটরিং কার্যক্রম চালু হয়েছে। উপজেলা পরিষদের অর্থায়নে গতকাল বুধবার খুলনা বিভাগীয় কমিশনার আব্দুস সামাদ শহরের তেবারিয়া সেরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বসে একযোগে ৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ কার্যক্রমের উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তব্যে খুলনা বিভাগীয় কমিশনার আব্দুস সামাদ বলেন, দেশের উন্নয়ন-অগ্রগতি ও জাতি গঠনে শিক্ষার কোনো বিকল্প নেই। তাই সরকার শিক্ষার উপর সর্বাধিক গুরুত্বারোপ করেছে। আর শিক্ষার মূল স্তম্ভই হচ্ছে প্রাথমিক শিক্ষা। এ জন্য প্রাথমিক শিক্ষার উন্নয়নে ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষকদের আন্তরিক ও অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

এক্ষেত্রে আপনারাও কাদামাটির মতো শিশুদের প্রকৃত মানুষ হিসাবে গড়ে তুলবেন। মনে রাখতে হবে, চারা গাছ ভালো না হলে, গাছের ভবিষ্যৎ ভালো হয় না। তাই মানসম্মত ও গুণগত প্রাথমিক শিক্ষা ছাড়া শিশুরা আগামী দিনের কান্ডারি হিসাবে অগ্রসর হতে পারবে না। পরে বিভাগীয় কমিশনার উপজেলার সদকী ইউনিয়ন পরিষদ পরিদর্শনে যান এবং সেখানে দুইটি গাছের চারা রোপণ করেন। এর আগে তিনি গড়াই ইকোপার্ক পরিদর্শনসহ স্থানীয় জনপ্রতিনিধি ও বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে মতবিনিময় করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. শাহীনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে কুষ্টিয়া জেলা প্রশাসক মো. জহির রায়হান, কুমারখালী উপজেলা পরিষদ চেয়ারম্যান আব্দুল মান্নান খান, উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. সিরাজুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
প্রধান, পরিসংখ্যান বিভাগ
প্রধান, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে